### ১.১ ভগবতিপুর মৌজার মিয়া পাড়া জামে মসজিদ



ভগবতিপুর মৌজায় অবস্থিত মিয়া মসজিদটি প্রাচীন যুগের নিদর্শন। স্থানীয় সূত্রে জানা যায় মিয়া পাড়া জামে মসজিদটি ১১১৩ বঙ্গাব্দে বরকত উল্লাহ মিয়া গঠন করেন। এ মসজিদের ভিতরে এক কাতার দাড়ানোর জায়গা আছে। উক্ত মসজিদটি ৪০ ঘরের সদস্য নিয়ে সমাজ পরিচালিত হয়ে আসছে। মসজিদটির নামে ১.৫৭ একর জমি আছে। সরকারি পৃষ্টপোষকতায় মসজিদটিকে ঐতিয্যবাহী মসজিদ হিসাবে গড়ে তোলা সম্ভব।

### ১.২ ভগবতিপুর মন্ডলপাড়া জামে মসজিদ



ভগবতিপুর মৌজার ভগবতিপুর মন্ডলপাড়া মসজিদটি প্রাচীন যুগের অন্যতম নিদর্শন। ১৬ নং মির্জাপুর ইউনিয়ন সবচেয়ে পুরাতন মসজিদগুলোর মধ্যে এটি অন্যতম। সরকারি পৃষ্টপোষকতায় এই মসজিদটিকে আধুনিক মসজিদে রুপান্তর করা সম্ভব।

**১.৩ বুজরুক নুরপুর মৌজার গাছুয়াপাড়া জামে মসজিদ**





গাছুয়াপাড়া জামে মসজিদটি বুজরুক নুরপুর মৌজায় অবস্থিত। স্থানীয় পর্যায়ের লোকজনদের কাছ থেকে এই মসজিদটি সম্পর্কে জানতে চাইলে কবে প্রতিষ্ঠিত হয়েছে তারা বলতে পারেনা। তবে স্থানীয় লোকজন বলেন মোঘল আমলের মসজিদ এটি। পরবর্তিতে মসজিদটির আধুনিক বিল্ডিং করা হয়। বর্তমানে ১৬ নং মির্জাপুর ইউনিয়নের সবচেয়ে বড় সমাজ এটি।